দৈনিক সংবাদ

DEC 23 2001

তারিখ ...
পৃষ্ঠা ১৩ কলাম ৮

# ‍িক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল বিষয়ে সভা অনুষ্ঠিত

শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল সংক্রান্ত এক সভা বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য বা প্রতিনিধি, উল্লেখযোগ্য কলেজসমূহের অধ্যক্ষ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রতিনিধি, শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যান এবং বিভিন্ন শিক্ষক সংগঠনের প্রতিনিধি যোগদান করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন প্রধান অতিথি এবং শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু বিশেষ অতিথি হিসেবে সভায় উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষাঙ্গন থেকে সকল প্রকার সন্ত্রাস ও দুর্নীতি রোধে বদ্ধপরিকর। তিনি বলেন, সন্ত্রাসীর কোন দলীয় পরিচয় নেই। তথ্য বিবরণী।